এসএসসি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

# বিজ্ঞান

বিষয় কোড : | ১ | ২ | ৭ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

## সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. ★ রাফাত নবম শ্রেণির ছাত্র। তার ব্যবহৃত চশমার ক্ষমতা - ০.৩৫D.**


ক. স্পষ্ট দৃষ্টির নিকট বিন্দু কাকে বলে? ১

খ. পাহাড়ি রাস্তার বাঁকে দর্পণ ব্যবহার করা হয় কেন? ২

গ. রাফাতের চশমায় ব্যবহৃত লেন্স কোন প্রকৃতির? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. রাফাতের চোখে যে ত্রুটি দেখা গিয়েছে তার কারণ ও প্রতিকার ব্যবস্থা বিশ্লেষণ কর। ৪

**২. ★**




P বস্তুকে –২০০N বল প্রয়োগ করার পর এক পর্যায়ে Q বিন্দুতে থেমে যায়।

ক. নিউটনের গতির ১ম সূত্রটি লিখ। ১

খ. বস্তুর জড়তা বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. P বস্তুটির ত্বরণের মান নির্ণয় কর। ৩

ঘ. P বস্তুটি Q বিন্দুতে গিয়ে থেমে যাওয়ার কারণ ব্যাখ্যা কর। ৪

**৩. ▶ নিজাম সাহেবের বাড়িতে ১০০W এর ৪টি ফ্যান এবং ৬০W এর ৬টি বাল্ব প্রতিদিন ৫ ঘণ্টা করে ব্যবহৃত হয়। এতে তিনি একটি মাত্র সুইচ ব্যবহার করেন। তাই প্রতি মাসে তার বিদ্যুৎ বিল বেশি দিতে হয়।**

ক. সিস্টেম লস কী? ১

খ. ২২০V-৬০W বলতে কী বোঝায়? ২

গ. প্রতি ইউনিট ৬ টাকা করে নিজাম সাহেবের জুলাই মাসের বিদ্যুৎ বিল কত টাকা হবে? ৩

Teachingbd24.com

ঘ. নিজাম সাহেব বিদ্যুৎ বিল কমানোর জন্য কী কী পদক্ষেপ নিতে পারেন, বিশ্লেষণ কর। ৪

৪. ★ রমজান তার বন্ধুর কাছে ই-মেইল পাঠাল। এরপর সে কম্পিউটারে অন্য কাজে ব্যস্ত হয়ে পড়ল।

ক. অডিও সংকেত কী? ১

খ. রেডিওথেরাপি বলতে কী বোঝায়? ২

গ. রমজানের ব্যবহৃত প্রেরণ কৌশলটি প্রবাহচিত্রের মাধ্যমে ব্যাখ্যা কর। ৩

ঘ. "রমজানের ব্যবহৃত যন্ত্রটি আধুনিক বিজ্ঞানকে ত্বরান্বিত করেছে"— উক্তিটির যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৫. ▶ $H_2 + O_2 \rightarrow$ 'X'

ক. pH কী? ১

খ. শীতকালে উলের কাপড় ব্যবহার করা হয় কেন? ব্যাখ্যা কর। ২

গ. 'X' দূষণের কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. 'X' এর বিশুদ্ধতার মানদণ্ড বিশ্লেষণ কর। ৪

৬. ★ i. $HCl + \boxed{X} \rightarrow MgCl_2 + 2H_2O$

ii. $\boxed{Y} + H_2SO_4 \rightarrow CaSO_4 + 2H_2O$

ক. মনোমার কী? ১

খ. হরাইজোন কীভাবে তৈরি হয়? ২

গ. বিক্রিয়াগুলো পূর্ণ করে কোন যৌগটি মাটির এসিডিটি দূরীকরণে ব্যবহৃত হয়, ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের কোন বিক্রিয়কের ফলে পাকস্থলির এসিডিটি প্রশমন ঘটে, তা বিশ্লেষণ কর। ৪

৭. ▶ $n(H_2C = CH_2) \xrightarrow[\text{প্রভাবক}]{\text{উচ্চ চাপ ও তাপ}} \boxed{A}_n$

ক. পেট্রোলিয়াম কী? ১

খ. মাটি ক্ষয়রোধ সংরক্ষণ প্রয়োজন কেন? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের A এর উৎপাদন কৌশল ব্যাখ্যা কর। ৩

ঘ. A উৎপাদটি কীভাবে পরিবেশের ভারসাম্য নষ্ট করে? যুক্তিসহকারে উপস্থাপন কর। ৪

https://teachingbd24.com

৮. X → লেবু, লেটুস

Y → গাজর, কচুশাক

ক. BMI কী? ১

খ. জীবন্ত জীবাশ্ম বলতে কী বোঝায়? ২

গ. 'Y' নির্দেশিত খাদ্যের অভাবজনিত রোগের লক্ষণগুলো উল্লেখ কর। ৩

ঘ. 'X' নির্দেশিত খাদ্যে উপস্থিত ভিটামিনের গুরুত্ব ব্যাখ্যা কর। ৪

৯. 'X' হলো লাল, লবণাক্ত এবং তরল যোজক কলা।

ক. অ্যানিমিয়া কী? ১

খ. DNA টেস্ট বলতে কী বোঝায়? ২

গ. 'X' এর গ্রুপগুলোর বৈশিষ্ট্য বর্ণনা কর। ৩

ঘ. 'X' এ উপস্থিত Rh ফ্যাক্টরের গুরুত্ব ব্যাখ্যা কর। ৪

১০. ভৌগলিক অবস্থানগত কারণে বাংলাদেশ এক ধরনের প্রাকৃতিক দুর্যোগের জন্য খুবই ঝুঁকিপূর্ণ। এই দুর্যোগটি সমুদ্রে সৃষ্টি হয়।


ক. বিবর্তন কী? ১

খ. হার্ট অ্যাটাক বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রাকৃতিক দুর্যোগের কারণ বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রাকৃতিক দুর্যোগ থেকে আমাদেরকে রক্ষা করার জন্য কী পদক্ষেপ নেয়া যেতে পারে? ৪

১১.




ক. জিন কী? ১

খ. ট্রান্সজেনেসিস বলতে কী বোঝায়? ২

গ. 'X' অণুর গঠন বর্ণনা কর। ৩

ঘ. 'X' ও RNA এর মধ্যে ভিন্নতা ব্যাখ্যা কর। ৪

Teachingbd24.com

https://teachingbd24.com

সময়– ৩০ মিনিট | **বহুনির্বাচনি অভীক্ষা** | মান– ৩০

*[দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. পাহাড়ী রাস্তার বাঁকে কোণ কত থাকে?**
ⓚ ০° ⓖ ৪৫°
ⓖ ৬০° ⓖ ৯০°

(ক) ০° (খ) ৪৫° (গ) ৬০° (ঘ) ৯০°

**২. ★ পূর্ণ বয়স্ক মানুষের স্পষ্ট দর্শনের নিকটতম দূরত্ব কত?**
(ক) ৫ cm (খ) ১০ cm (গ) ২৫ cm (ঘ) ৫০ cm

**৩. বলের একক কী?**
(ক) জুল (খ) নিউটন (গ) মিটার (ঘ) ফিউজ

**৪. মৌলিক বল কত প্রকার?**
(ক) ৫ (খ) ৪ (গ) ৩ (ঘ) ২

**৫. —| |— চিহ্নটির নাম কী?**
(ক) কোষ (খ) ব্যাটারি (গ) রোধ (ঘ) ফিউজ

**৬. বিম্ব চোখের কোথায় গঠিত হয়?**
(ক) লেন্সে (খ) রডে (গ) কোণে (ঘ) রেটিনায়

**৭. ★ হাড়ের ক্ষয় নির্ণয়ে গঠিত হয়—**
(ক) X-Ray (খ) MRI (গ) *CT-scan* (ঘ) *ETT*

**৮. *অ্যানালগ যন্ত্র হচ্ছে—***
(ক) কম্পিউটার (খ) মোবাইল ফোন
(গ) বৈদ্যুতিক পাখা
(ঘ) ইলেকট্রিক কাউন্টার

**৫ নিউটন বল ২ kg ভরের বস্তুর উপর ক্রিয়া করে।**
**উদ্দীপকের আলোকে (৯-১০)নং প্রশ্নের উত্তর দাও। ★**

**৯. ত্বরণ কত হবে?**
(ক) ১০N (খ) ৩N (গ) ২.৫N (ঘ) ০.৪N

**১০. বল শূন্য হলে ত্বরণ কত হবে?**
(ক) ০ N (খ) ৫ N (গ) ২.৫ N (ঘ) ১০ N

**১১. কোনটি প্রাকৃতিক তন্তু?**
(ক) রেয়ন (খ) পলিস্টার (গ) নাইলন (ঘ) রেশম

**১২. টেস্টিং সল্ট কোনটি?**
(ক) সিলভার ক্লোরাইড
(খ) সোডিয়াম ক্লোরাইড
(গ) পটাসিয়াম সালফেট
(ঘ) সোডিয়াম গ্লুটামেট

**১৩. লবণের বৈশিষ্ট্য হলো—**
i. এটি এসিড ও ক্ষার হতে উৎপন্ন হয়
ii. এটি নিরপেক্ষ
iii. উচ্চ গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক

**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**১৪. এসিড বৃষ্টিতে কোন কোন এসিড থাকে?**
(ক) সালফিউরিক ও নাইট্রিক
(খ) ফসফরিক ও হাইড্রোক্লোরিক
(গ) এসিটিক ও কার্বলিক
(ঘ) হাইড্রোক্লোরিক ও কার্বলিক

**১৫. ★ পলিথিন তৈরিতে ইথিলিন গ্যাসকে কত বায়ু চাপে রাখা হয়?**
(ক) ১০০০-১২০০ (খ) ১২০০-১৪০০ (গ) ১৫০০-২০০০ (ঘ) ৩০০০-৪০০০

**১৬. তন্তু থেকে সুতা কাটার দ্বিতীয় ধাপকে কী বলে?**
(ক) কার্ডিং (খ) ব্লেন্ডিং (গ) টুইস্টিং (ঘ) মিক্সিং

Teachingbd24.com

মাটি এসিডিক হয়ে গেলে আমরা সার হিসেবে চুন দেই। কোন পদার্থ অম্লীয় বা ক্ষারীয় তা ফেনলপথ্যালিন নির্দেশক দিয়েও পরীক্ষা করা যায়।

**উদ্দীপকের আলোকে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও:**

**১৭. চুন প্রয়োগের আগে মাটির pH কত হবে?**
ⓚ ৭ হতে কম ⓚ ৭ হতে বেশি
ⓖ ৭ ⓖ কোনটি নয়

**১৮. উদ্দীপকে উল্লিখিত নির্দেশকটি ক্ষারীয় মাধ্যমে কি বর্ণ প্রদর্শন করে?**
ⓚ গোলাপি ⓚ নীল
ⓖ লাল ⓖ বেগুনী

**১৯. 'সুনামি' কোন দেশি শব্দ?**
ⓚ জার্মানী ⓚ ফরাসি
ⓖ জাপানি ⓖ আরবী

**২০. ★ দুর্বল এসিড কোনটি?**
ⓚ $H_2CO_3$ ⓚ $H_2SO_4$
ⓖ HCl ⓖ $HNO_3$

**২১. মানুষের মধ্যে এ পর্যন্ত কত ধরনের অ্যামাইনো এসিডের সন্ধান পাওয়া গেছে?**
ⓚ ১৬ ⓚ ১৮
ⓖ ২০ ⓖ ২২

**২২. নিচের কোনটি সঠিক নয়?**
ⓚ $BMI = \frac{\text{দেহের ওজন (kg)}}{[\text{দেহের উচ্চতা (m)}]^2}$
ⓚ দৈহিক ওজনের ৪০-৫০% পানি
ⓖ ভিটামিন C এর তীব্র অভাবে স্কার্ভি রোগ হয়
ⓖ শর্করা হলো মানুষের প্রধান খাদ্য

**২৩. ★ ধমনির বৈশিষ্ট্য—**
i. প্রাচীর পুরু ii. দুইটি স্তরে গঠিত
iii. কপাটিকা থাকে না
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ ii ও iii
ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**২৪. O গ্রুপের রক্তের লোহিত কণিকায় কোন অ্যান্টিজেন আছে?**
ⓚ A ⓚ B
ⓖ AB
ⓖ কোন অ্যান্টিজেন নেই


**২৫. নিচের কোনটি জীবন্ত জীবাশ্মের উদাহরণ?**
ⓚ আম ⓚ ইকুইজিটাম
ⓖ হাতি ⓖ কাঁঠাল

**২৬. জলবায়ুজনিত পরিবর্তনের ফলে বাংলাদেশে কত % জীববৈচিত্র্য ধ্বংস হয়ে যাবে?**
ⓚ ৩০% ⓚ ৩৫%
ⓖ ৪০% ⓖ ৪৫%

**২৭. টর্নেডো কোন ভাষার শব্দ?**
ⓚ হিন্দি ⓚ জাপানিজ
ⓖ স্প্যানিশ ⓖ বাংলা

**২৮. বাংলাদেশে কবে বন্যার কারণে দুর্ভিক্ষ হয়?**
ⓚ ১৯৭৪ ⓚ ১৯৮৪
ⓖ ১৯৯৪ ⓖ ১৯৯৫

**নিচের উদ্দীপক ব্যবহার করে ২৯নং প্রশ্নের উত্তর দাও: ★**


A

**২৯. উদ্দীপকের A চিহ্নিত অংশের নাম কি?**
ⓚ নিউক্লিওলাস ⓚ নিউক্লিও পর্দা
ⓖ ক্রোমাটিন তন্তু ⓖ নিউক্লিয়ার রন্ধ্র

**৩০. মায়োপিয়া সমস্যার লক্ষণ কোনটি?**
ⓚ অপটিক স্নায়ুর ক্ষয়িষ্ণুতা
ⓚ অক্ষিগোলকের কাঠিন্য
ⓖ পেশি জটিলতা
ⓖ দৃষ্টিক্ষীণতা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | গ | ৩ | খ | ৪ | খ | ৫ | ক | ৬ | ঘ | ৭ | ক | ৮ | গ | ৯ | গ | ১০ | ক | ১১ | ঘ | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | ক |
| | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | গ | ২০ | ক | ২১ | গ | ২২ | খ | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | ঘ |

https://teachingbd24.com